তারিখ 17 JUN 2016
পৃষ্ঠা ১২ কলাম ৭

দৈনিক জনকণ্ঠ

# রাজারহাটে প্রাইমারী স্কুলের ৪২ শিক্ষককে শোকজ

**স্টাফ রিপোর্টার, কুড়িগ্রাম ॥** সময়মতো স্কুলে না যাওয়া, বিধিবহির্ভূতভাবে স্কুল বন্ধ রাখা এবং পাঠদানে অমনোযোগিতার কারণে গ্রামের রাজারহাট উপজেলায় ১৬টি সরকারী প্রাথমিক বিদ্যালয়ে অভিযান চালিয়ে ১২ জন প্রধান শিক্ষকসহ ৩০ জন অমনোযোগিতার কারণে সহকারী শিক্ষককে শোকজ করা হয়েছে। রাজারহাট উপজেলার নির্বাহী কর্মকর্তা এবং উপজেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তার যৌথ উদ্যোগে এই অভিযান পরিচালিত হয়। রাজারহাট উপজেলার নির্বাহী কর্মকর্তা রফিকুল ইসলাম জানান, রাজারহাট উপজেলায় ১২৩টি সরকারী প্রাথমিক বিদ্যালয় রয়েছে। কতিপয় প্রাথমিক বিদ্যালয়ে পড়াশুনার মান সন্তোষজনক না হওয়ায় ছাত্রছাত্রীদের অভিভাবকগণ বিভিন্ন মাধ্যমে অভিযোগ করতে থাকেন। অভিযোগের ভিত্তিতে উপজেলার সরকারী বিদ্যালয়সমূহে অভিযান চালানো হয়। এসব অভিযানে উপজেলা শিক্ষা কর্মকর্তাও অংশগ্রহণ করেন। বিদ্যালয় পরিদর্শনকালে বিভিন্ন অভিযোগের ভিত্তিতে কয়েকজন প্রধান শিক্ষকসহ সহকারী শিক্ষককে শোকজ করা হয়েছে। রাজারহাট উপজেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা আকতারী পারভীন জানান, বিভিন্ন বিদ্যালয়ের পরিদর্শনের প্রেক্ষিতে রাজারহাট উপজেলার ৭ ইউনিয়নের ১২৩টি বিদ্যালয়ের মধ্যে ১৬ বিদ্যালয়ে শিক্ষকের অনুপস্থিতি ও টিফিনের পর স্কুল বন্ধ রাখাসহ বিভিন্ন কারণে গত ৪ মাসে ১২ জন প্রধান শিক্ষকসহ ৩০ সহকারী শিক্ষককে শোকজ করা হয়েছে।

## বাগেরহাটে শিক্ষককে স্ট্যান্ড রিলিজ, ১১ জনকে শোকজ

স্টাফ রিপোর্টার, বাগেরহাট থেকে জানান, কোচিং বাণিজ্যের অভিযোগে বাগেরহাট সরকারী উচ্চ বিদ্যালয়ের মোহাম্মদ আলী নামে এক শিক্ষককে স্ট্যান্ড রিলিজ করা হয়েছে। এছাড়া আরও ১১ জন শিক্ষককে কারণ দর্শাতে শোকজ নোটিশ দেয়া হয়েছে। বৃহস্পতিবার বিকেলে মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা অধিদফতর খুলনা অঞ্চলের উপ-পরিচালক টিএম জাকির হোসেন এই নির্দেশ দেন।